# বরিশাল বোর্ড-২০১৯

## হিসাববিজ্ঞান

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ

১.▶ রহিম ট্রেডার্স-এর ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

**রহিম ট্রেডার্স**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০১৮

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১,৪৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,০৫,০০০ | ২,৫৫,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪৮,০০০ | ৩৮,০০০ |
| হাতে নগদ | ৫৫,০০০ | |
| কমিশন প্রাপ্তি | | ২৭,০০০ |
| বিমা প্রিমিয়াম | ১৫,৫০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৩২,০০০ |
| বিজ্ঞাপন | ১২,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ৩,৫০০ |
| বিনিয়োগ | ৪,১০,০০০ | |
| আয়কর | ৩,৫০০ | |
| উত্তোলন ও মূলধন | ১৫,০০০ | ৩,০৩,০০০ |
| ঋণ | | ১,৫০,০০০ |
| | ৮,০৮,৫০০ | ৮,০৮,৫০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্য ৪৮,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। ii. মালিক কর্তৃক নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন ২,৫০০ টাকা হিসাবভুক্ত হয়নি। iii. দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। iv. ঋণের সুদ ৯,০০০ টাকা বকেয়া রয়েছে।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে রহিম ট্রেডার্স-এর মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

Teachingbd24.com

খ. মোট মুনাফা ৫৫,৫০০ টাকা ধরে রহিম ট্রেডার্স-এর নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. বছর শেষে রহিম ট্রেডার্স-এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

২.▶ সাফা ট্রেডার্স এবং আরশি এন্টারপ্রাইজ-এর ২০১৮ সালের হিসাব বই হতে নিম্নোক্ত তথ্য সংগৃহীত হয়েছে :

| হিসাবের নাম | সাফা ট্রেডার্স টাকা | আরশি এন্টারপ্রাইজ টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য | ৫,০০০ | ৬,০০০ |
| বিক্রয় | ৫,০০,০০০ | ৬,০০,০০০ |
| বিনিয়োজিত মূলধন | ৩,০০,০০০ | ৪,০০,০০০ |
| চলতি সম্পদ | ৩৬,০০০ | ৪০,০০০ |
| চলতি দায় | ২০,০০০ | ২৪,০০০ |
| মোট মুনাফা | ৫০,০০০ | ৭৫,০০০ |
| নিট মুনাফা | ৪০,০০০ | ৩০,০০০ |

ক. সাফা ট্রেডার্স-এর বিনিয়োজিত মূলধনের ওপর মুনাফার হার নির্ণয় করো। ২

খ. উদ্দীপকের সাফা ট্রেডার্স এবং আরশি এন্টারপ্রাইজ-এর নিট মুনাফার হার নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত প্রতিষ্ঠান দুটির চলতি অনুপাত এবং তারল্য অনুপাত নির্ণয় করো।৪

## খ বিভাগ

৩.▶ জনাব সোহেল একজন ব্যবসায়ী। ২০১৮ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে :

| | | |
|---|---|---|
| ডিসে. | ১ | জনাব সোহেল ৫০,০০০ টাকা ব্যবসায়ে আনয়ন করেন। |
| " | ৫ | ব্যাংক হতে ঋণ গ্রহণ ৪৫,০০০ টাকা। |
| " | ১০ | ব্যক্তিগত তহবিল হতে ছেলের স্কুলের বেতন প্রদান ৪,০০০ টাকা। |
| " | ১৫ | আসবাবপত্র ক্রয় করা হলো ২৫,০০০ টাকা। |
| " | ২০ | মি. আহমেদের নিকট পণ্য বিক্রয় ৩৫,০০০ টাকা, ব্যবসায়িক বাট্টা ৫%। |
| " | ২৫ | ১৫,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান করা হলো। |
| " | ৩০ | কর্মচারী হাবিবকে ৪,০০০ টাকা বেতন প্রদান করা হলো। |

ক. উপর্যুক্ত তথ্যের লেনদেন নয় এমন ঘটনাগুলো চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরোক্ত তথ্যের ডিসেম্বর ২০ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান প্রস্তুত করো। ৪

https://teachingbd24.com

গ. উদ্দীপকের চালান সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অন্য লেনদেনগুলোর হিসাব সমীকরণের উপাদানসমূহের ওপর প্রভাব দেখাও। ৪

৪.▶ জনাব তানিম তার ব্যবসায়ের বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৮ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ২,৭১,০০০ টাকা এবং মোট দায় ৬০,০০০ টাকা। উক্ত বছরে তিনি আরও ৭০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন। বছরে তার উত্তোলনের পরিমাণ নগদ ১২,০০০ টাকা এবং পণ্য উত্তোলন ৫,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে তার ব্যবসায়ের নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল :

| বিবরণ | টাকা |
|---|---|
| নগদ | ১,০৮,০০০ |
| গহনা | ৭৭,০০০ |
| অগ্রিম বেতন | ৮,০০০ |
| আসবাবপত্র | ৯০,০০০ |
| ব্যাংক ঋণ | ৪৪,০০০ |
| পাওনাদার | ২২,০০০ |
| দেনাদার | ৪০,০০০ |

ক. জনাব তানিমের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে উক্ত প্রতিষ্ঠানের সমাপনী মূলধন নির্ণয় করো। ৪

গ. ২০১৮ সালে জনাব তানিমের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৫.▶ মি. তুহিন একজন খুচরা ব্যবসায়ী। ২০১৮ সালের জুলাই মাসে তার প্রতিষ্ঠানে সংঘটিত লেনদেন নিম্নরূপ:

জুলাই ১ নগদে পণ্য বিক্রয় ৮৭,০০০ টাকা।
" ৫ কামালের নিকট হতে পণ্য ক্রয় ৫৫,০০০ টাকা।
" ১০ ব্যাংকে জমা দেওয়া হলো ৬৫,০০০ টাকা।
" ২০ কর্মচারীদের বেতনের ১০,০০০ টাকা মালিকের নিজস্ব তহবিল হতে পরিশোধ করেন।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে অনগদ লেনদেনের অর্থের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উদ্দীপকের প্রতিটি লেনদেনের সংশ্লিষ্ট হিসাবসমূহের শ্রেণিবিন্যাস করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনসমূহের কারণসহ ডেবিট ক্রেডিট নির্ণয় করো। ৪

৬.▶ জনাব রিফাত জাহান একজন মোবাইল সেট ব্যবসায়ী। ২০১৭ সালের অক্টোবর মাসে তার ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ :

https://teachingbd24.com

অক্টোবর ৫ নোহা ট্রেডার্স থেকে প্রতিটি ১৭,৫০০ টাকা দরে ৮৫টি মোবাইল সেট ক্রয় করেন। কারবারি বাট্টা ৪%, চালান নং ৬০৮, প্যাকিং খরচ ১,০০০ টাকা।

" ১৫ মোবাইল সেট নষ্ট থাকায় নোহা ট্রেডার্সকে ৮টি মোবাইল সেট ফেরত দেওয়া হলো, ডেবিট নোট নং-২০৩।

" ২৫ সিয়াম এন্ড সন্স থেকে প্রতিটি ৮৫ টাকা দরে ২০৫টি মোবাইল সেট কভার ক্রয়। চালান নং-৬০৯, কারবারি বাট্টা ৫%, পরিবহন খরচ ৪০০ টাকা।

ক. জনাব রিফাত জাহান-এর ব্যবসায়ের ক্রয় সংক্রান্ত আনুষজ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উদ্দীপকের আলোকে ২০৩নং ডেবিট নোট প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে জনাব রিফাত জাহান-এর ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

৭.▶ জনাব হাসান ২০১৮ সালের ১ জুলাই নগদ ১,১০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন:

জুলাই ৫ ৫০,০০০ টাকার পণ্য নগদে বিক্রয়।

" ২০ ব্যাংকে জমা দেওয়া হলো ৪০,০০০ টাকা।

" ২৫ জনাব হোসেন-এর নিকট ৩৫,০০০ টাকার পণ্য বিক্রয়।

" ২৮ চেকের মাধ্যমে অফিস সরঞ্জাম ক্রয় ৩৭,০০০ টাকা।

" ৩১ আসবাবপত্র ক্রয় ৭,০০০ টাকা।

ক. জনাব হাসানের ব্যবসায়ের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব হাসানের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে মূলধন হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত করো। ৪

৮.▶ মহিমা এন্ড সন্স-এর ২০১৮ সালের জুলাই মাসের লেনদেনসমূহ ছিল—

জুলাই ১ নগদ উদ্বৃত্ত ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৩৫,০০০ টাকা।

" ৫ সাহানার নিকট চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

" ৭ ব্যাংকে জমা দেওয়া হলো ১৫,০০০ টাকা।

" ৮ জনাব খসরুর নিকট থেকে পণ্য ক্রয় ১০,৫০০ টাকা।

" ১০ বিনিয়োগের সুদ প্রাপ্তি ৩,০০০ টাকা।

" ১৫ সায়ন ট্রেডার্সের নিকট হতে ৪,৮০০ টাকা পাওয়া গেল এবং তাকে ২০০ টাকা বাট্টা মঞ্জুর করা হলো।

" ২০ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ২,০০০ টাকা।

Teachingbd24.com

https://teachingbd24.com

জুলাই ২৪ রহমান ট্রেডার্স-এর পাওনা ৭,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৬,৮০০ টাকা প্রদান করা হলো।

" ২৬ কর্মচারীদের বেতন চেকে প্রদান ৪,০০০ টাকা।

ক. মহিমা এন্ড সন্স-এর নগদান বইতে লিপিবন্ধ হবে না এইরূপ লেনদেন শনাক্ত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো অবলম্বনে মহিমা এন্ড সন্স-এর নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উদ্দীপকের লেনদেনের ভিত্তিতে একটি উপর্যুক্ত নগদান বই প্রস্তুত করো। ৪

**৯.** ▶ সামিহা এন্ড ব্রাদার্স-এর ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ানের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ :

মূলধন ২,৫০,০০০ টাকা; দেনাদার ১,২৫,০০০ টাকা; বেতন ৪২,০০০ টাকা; ব্যাংক জমা (০১-০১-২০১৭) ৭৫,০০০ টাকা; বিমা সেলামি ২০,০০০ টাকা; মজুদ পণ্য (০১-০১-২০১৭) ৪৬,০০০ টাকা; উত্তোলন ৩০,০০০ টাকা; পাওনাদার হিসাব ১৮,০০০ টাকা; সাধারণ সঞ্চিতি ২৫,৫০০ টাকা; মজুদ পণ্য (৩১-১২-২০১৭) ২০,০০০ টাকা; ব্যাংকে জমা (৩১-১২-২০১৭) ২০,০০০ টাকা; বিনিয়োগ ১,০০,০০০ টাকা; বিনিয়োগের সুদ ১০,০০০ টাকা; প্রাপ্ত কমিশন ২,০০০ টাকা; ৬% ঋণ ৭০,৫০০ টাকা; ক্রয় ১,৪১,০০০ টাকা; পণ্য বিক্রয় ১,৫০,০০০ টাকা।

ক. উদ্দীপকে রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এরূপ উদ্বৃত্তগুলোর পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে সামিহা এন্ড ব্রাদার্স-এর রেওয়ামিল প্রস্তুত করো। ৪

গ. উপরোক্ত তথ্যের ভিত্তিতে মোট মুনাফা জাতীয় আয় ও মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**১০.** ▶ হোসেন ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর হিসাব বই থেকে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নোক্ত তথ্যাবলি সংগৃহীত হয়েছে :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের মজুদ (০১-০১-২০১৮) | ৬৫,০০০ |
| কাঁচামালের মজুদ (৩১-১২-২০১৮) | ২৩,০০০ |
| অফিস খরচ | ৪,০০০ |
| বিক্রয়কর্মীর বেতন ও কমিশন | ১৫,০০০ |
| চলতি কার্যের মজুদ (০১-০১-২০১৮) | ৩১,০০০ |
| চলতি কার্যের মজুদ (৩১-১২-২০১৮) | ৩৫,০০০ |
| কাঁচামাল ক্রয় | ১,০৩,০০০ |
| কলকব্জা ও যন্ত্রপাতির অবচয় | ৮,০০০ |

https://teachingbd24.com

| বিবরণ | টাকা |
|---|---|
| শ্রমিকের মজুরি | ৩৭,০০০ |
| তৈরি পণ্য বিক্রয় | ৩,২৫,০০০ |
| টেলিফোন বিল পরিশোধ | ২,৫০০ |
| বিজ্ঞাপন | ৪,৫০০ |
| বিক্রয় ফেরত | ৪,০০০ |

ক. উদ্দীপকের আলোকে ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো। ২

খ. হোসেন ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে বিক্রীত পণ্যের ব্যয় ২,৬০,০০০ টাকা বিবেচনা করে বিশদ আয় বিবরণী প্রস্তুতের মাধ্যমে নিট পরিচালন মুনাফা নির্ণয় করো। ৪

**১১.▶** জনাব মাহমুদ একটি বেসরকারি প্রতিষ্ঠানে মাসিক ৫৫,০০০ টাকা বেতনে চাকরি করেন। এছাড়া তিনি একটি ফার্মে সেবা দিয়ে মাসিক ২০,০০০ টাকা সম্মানী গ্রহণ করেন। ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে তার পারিবারিক আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| বাড়িঘর | ৫,৮০,০০০ |
| আসবাবপত্র | ১,১০,০০০ |
| হাতে নগদ | ৬৫,০০০ |
| ব্যাংক ঋণ | ১,০৫,০০০ |
| উক্ত বছরে তার পরিবারের অন্যান্য তথ্য : | |
| কাপড় ক্রয় | ৮০,০০০ |
| চিকিৎসা খরচ | ৭০,০০০ |
| খাদ্যসামগ্রী ক্রয় | ২,৫০,০০০ |
| জমি ক্রয় | ২,৫০,০০০ |
| দৈনন্দিন বাজার খরচ | ১,৩৮,০০০ |
| মনিহারি ক্রয় | ১৪,০০০ |
| পৌরকর | ২৭,০০০ |
| কম্পিউটার ক্রয় | ৬০,০০০ |

ক. জনাব মাহমুদের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে জনাব মাহমুদের পরিবারের প্রাপ্তি ও প্রদান হিসাব প্রস্তুতের মাধ্যমে সমাপনী নগদ উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে উক্ত পরিবারের আয়ের উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪

Teachingbd24.com

# উত্তরমালা

১. ক. মোট উত্তোলনের পরিমাণ ২১,০০০ টাকা। খ. নিট মুনাফা ৭৯,৫০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫,৫৯,০০০ টাকা এবং অনিশ্চিত হিসাব (দায় পাশে) ৫০০ টাকা।

২. ক. বিনিয়োজিত মূলধনের ওপর মুনাফার হার ১৩.৩৩%। খ. **নিট মুনাফার হার:** সাফা ট্রেডার্স ৮% এবং আরশি এন্টারপ্রাইজ ৫%। গ. **চলতি অনুপাত:** সাফা ট্রেডার্স ১.৮ : ১ এবং আরশি এন্টারপ্রাইজ ১.৬৭ : ১। **তারল্য অনুপাত:** সাফা ট্রেডার্স ১.৫৫ : ১ এবং আরশি এন্টারপ্রাইজ ১.৪২ : ১।

৩. ক. লেনদেন নয় এমন ঘটনার পরিমাণ ২০,৭৫০ টাকা।

৪. ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ ২,১১,০০০ টাকা। খ. সমাপনী মূলধন ২,৫৭,০০০ টাকা।

৫. ক. অনগদ লেনদেনের অর্থের পরিমাণ ৬৫,০০০ টাকা।

৬. ক. আনুষঙ্গিক খরচের পরিমাণ ১,৪০০ টাকা। গ. ক্রয় জাবেদার যোগফল ১৪,৪৫,৯৫৪ টাকা।

৭. ক. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ৪৪,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ২,৭৯,০০০ টাকা। গ. মূলধন হিসাবের ক্রেডিট জের ১,১০,০০০ টাকা এবং বিক্রয় হিসাবের ক্রেডিট জের ৮৫,০০০ টাকা।

৮. ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের পরিমাণ ১২,৫০০ টাকা। খ. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল: নগদ ২৭,৮০০ টাকা; প্রদত্ত বাট্টা ২০০ টাকা; বিক্রয় ২০,০০০ টাকা; দেনাদার ৫,০০০ টাকা এবং অন্যান্য হিসাব ১৩,০০০ টাকা। গ. নগদ উদ্বৃত্ত ২৬,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্তের উদ্বৃত্ত ৪,০০০ টাকা; প্রদত্ত বাট্টা ২০০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ২০০ টাকা।

৯. ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এরূপ উদ্বৃত্তগুলোর মোট পরিমাণ ৯৫,০০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ৫,২৬,০০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ২,০০০ টাকা (ডেবিট)। গ. মোট মুনাফা জাতীয় আয় ১,৬২,০০০ টাকা এবং মোট মুনাফা জাতীয় ব্যয় ২,২৯,০০০ টাকা।

১০. ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় ১,৪৫,০০০ টাকা। খ. উৎপাদিত পণ্যের ব্যয় ১,৮৬,০০০ টাকা। গ. নিট পরিচালন মুনাফা ৩৫,০০০ টাকা।

১১. ক. পারিবারিক তহবিলের পরিমাণ ৬,৫০,০০০ টাকা। খ. সমাপনী নগদ উদ্বৃত্ত ৭৬,০০০ টাকা। গ. আয় উদ্বৃত্ত ৩,২১,০০০ টাকা।

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ৩০ মিনিট   পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. রেওয়ামিল তৈরির মুখ্য উদ্দেশ্য কী?**
ক) হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই
খ) মোট লাভ নির্ণয়
গ) নিট লাভ নির্ণয়
ঘ) আর্থিক বিবরণী প্রস্তুত

**২. প্রত্যক্ষ খরচ হলো—**
i. বেতন   ii. মজুরি
iii. পণ্যের বহন খরচ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রহমান ১ জানুয়ারি ২০১৭ তারিখে নগদ ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। জানুয়ারি ৫ তিনি ১০,০০০ টাকার পণ্য বিক্রি করেন। জানুয়ারি ১০ পণ্য ক্রয় করেন ৩,০০০ টাকা। জানুয়ারি ১৫ ব্যবসায় থেকে ২,০০০ টাকা উত্তোলন করেন।

**৩. মি. রহমানের মালিকানা স্বত্বের পরিমাণ কত?**
ক) ২৫,০০০ টাকা   খ) ৩০,০০০ টাকা
গ) ৩৩,০০০ টাকা   ঘ) ৩৫,০০০ টাকা

**৪. মি. আসিফ আয়কর প্রদান করেন ৩,০০০ টাকা, উপর্যুক্ত জাবেদা দাখিলা হবে—**
ক) উত্তোলন হিসাব— DR ৩,০০০
আয়কর হিসাব— CR ৩,০০০
খ) উত্তোলন হিসাব— DR ৩,০০০
নগদান হিসাব— CR ৩,০০০
গ) নগদান হিসাব— DR ৩,০০০
উত্তোলন হিসাব— CR ৩,০০০
ঘ) আয়কর হিসাব— DR ৩,০০০
নগদান হিসাব— CR ৩,০০০

**৫. C/D দ্বারা কী বুঝায়?**
ক) পেছন থেকে আনীত   খ) সম্মুখে নীত
গ) উপর থেকে আনীত   ঘ) নিচে নীত

**৬. মি. হাসেম একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তাঁর প্রারম্ভিক মূলধন ৮০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৯০,০০০ টাকা। তিনি ব্যবসায় থেকে ৫,০০০ টাকা উত্তোলন করেন। মি. হাসেমের লাভ/ক্ষতির পরিমাণ কত?**
ক) ৫,০০০ টাকা লাভ   খ) ১০,০০০ টাকা ক্ষতি
গ) ১৫,০০০ টাকা লাভ   ঘ) ১৫,০০০ টাকা ক্ষতি

**৭. নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হবে—**
ক) টেলিভিশন ক্রয়   খ) বিনিয়োগের সুদ
গ) আসবাবপত্র মেরামত   ঘ) বেতন পরিশোধ

**উদ্দীপকটি পড়ো এবং ৮ নং প্রশ্নের উত্তর দাও।**

হিসাবের কোড নং

| তারিখ | বিবরণ | জা. পৃ. | ডে. (টাকা) | ক্রে. (টাকা) | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডে. (টাকা) | ক্রে. (টাকা) |
| | | | | | | |
| | | | | | | |

**৮. উপর্যুক্ত হিসাবের ছকটি হলো—**
i. আধুনিক পদ্ধতির   ii. সনাতন পদ্ধতির
iii. ৪ ঘরা খতিয়ান পদ্ধতির
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**৯. পারিবারিক হিসাব ব্যবস্থায় আর্থিক অবস্থার বিবরণীর সম্পদের দিকে লিখতে হবে—**
i. প্রাপ্তি ও প্রদান হিসাবের সমাপনী নগদ
ii. প্রাপ্তি ও প্রদান হিসাবের সমাপনী ব্যাংক জমার উদ্বৃত্ত
iii. প্রাপ্তি ও প্রদান হিসাবের প্রারম্ভিক নগদ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**১০. হিসাবের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
ক) সরকার   খ) কর্মকর্তা ও কর্মচারী
গ) বিনিয়োগকারী   ঘ) ঋণ প্রদানকারী

**১১. জাবেদা ও খতিয়ানের মধ্যে পার্থক্য হলো—**
i. জাবেদায় লেনদেনের ব্যাখ্যা থাকে, খতিয়ানে থাকে না
ii. জাবেদা প্রাথমিক বহি, খতিয়ান পাকা বহি
iii. জাবেদায় জের টানা হয়, কিন্তু খতিয়ানে হয় না
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. হেলাল একজন ব্যবসায়ী। তিনি হিসাবের পাকা বহিতে লেনদেন লিপিবদ্ধ করেন। তাঁর রেনদেন নিম্নরূপ:

নগদান হিসাব

| তারিখ | বিবরণ | জা. পৃ. | ডে. (টাকা) | ক্রে. (টাকা) | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডে. (টাকা) | ক্রে. (টাকা) |
| ২০১৭ জানু.-১ | ব্যালেন্স বি/ডি | | | | ১০,০০০ | |
| " ১২ | ক্রয় হিসাব | | | ১৪,০০০ | | ৪,০০০ |
| " ২০ | বিক্রয় হিসাব | | ৫,০০০ | | ১,০০০ | |
| " ২৫ | সুমন হিসাব | | ৫,০০০ | | ৬,০০০ | |

**১২. মি. হেলালের ১২ তারিখের হিসাব উদ্বৃত্ত কত?**
ক) ১৪,০০০ টাকা ক্রেডিট
খ) ২৪,০০০ টাকা ডেবিট
গ) ৪,০০০ টাকা ডেবিট
ঘ) ৪,০০০ টাকা ক্রেডিট

**১৩. সাধারণ জাবেদাকে কতভাগে ভাগ করা যায়?**
ক) ২ ভাগে   খ) ৪ ভাগে
গ) ৬ ভাগে   ঘ) ১০ ভাগে

**১৪. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় হলো—**
i. ব্যবসা প্রতিষ্ঠানের স্থানান্তর ব্যয়
ii. যন্ত্রপাতির বড় ধরনের মেরামত খরচ
iii. নতুন পণ্যের গবেষণা ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

Teachingbd24.com

১৫. করিমের নিকট থেকে ৫০,০০০ টাকা আদায় হওয়ার সম্ভাবনা নেই, এর মূল কারণ—
i. করিমের বিদেশ গমন
ii. করিমের অস্বচ্ছলতা
iii. করিম দেউলিয়া ঘোষিত হলো
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**
০১.০১.১৭ তারিখে মি. আকবরের পরিবারের আর্থিক অবস্থা নিম্নরূপ:

| দায় | টাকা | সম্পত্তি | টাকা |
|---|---|---|---|
| পাওনাদার | ১০,০০০ | গহনা | ২০,০০০ |
| | | আসবাবপত্র | ১০,০০০ |
| পারিবারিক তহবিল | | হাতে নগদ | ৫,০০০ |
| | ৩৫,০০০ | | ৩৫,০০০ |

১৬. মি. আকবরের পারিবারিক তহবিলের পরিমাণ কত?
(ক) ১০,০০০ টাকা (খ) ২৫,০০০ টাকা
(গ) ৩০,০০০ টাকা (ঘ) ৩৫,০০০ টাকা

১৭. বছরের শুরুতে তাঁর সম্পদের পরিমাণ কত?
(ক) ১০,০০০ টাকা (খ) ২০,০০০ টাকা
(গ) ৩০,০০০ টাকা (ঘ) ৩৫,০০০ টাকা

১৮. অনিয়মিত খরচ হচ্ছে—
i. জমি ক্রয়
ii. ঋণের সুদ
iii. যন্ত্রপাতি বসানো খরচ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. লেনদেন খতিয়ানে অন্তর্ভুক্তকরণের পূর্বে কোথায় লিখলে ভুলত্রুটি ও খতিয়ানে বাদ পড়ার সম্ভাবনা হ্রাস পায়?
(ক) পাকা বহিতে (খ) রেওয়ামিলে
(গ) জাবেদায় (ঘ) নগদান বইতে

**উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আনিছ একজন আলু ব্যবসায়ী। তিনি প্রতি মণ ৫০০ টাকা দরে ১০০ মণ ও প্রতি মণ ৪০০ টাকা দরে ১৫০ মণ আলু ক্রয় করেন। কুলির মজুরি প্রতিমণে ৫ টাকা ও পরিবহন খরচ ২,০০০ টাকা প্রদান করেন।

২০. মি. আনিছের প্রতি মণ আলুর ক্রয়মূল্য কত?
(ক) ৪৪০ টাকা (খ) ৪৫৩ টাকা
(গ) ৪৪৮ টাকা (ঘ) ৪৫৩ টাকা

২১. মি. আনিছের প্রতি মণ আলুর মোট ব্যয় কত?
(ক) ৪৪৮ টাকা (খ) ৪৫৩ টাকা
(গ) ৫০৫ টাকা (ঘ) ৫১৩ টাকা

২২. পারিবারিক আয়-ব্যয়কে কয়ভাগে ভাগ করা যায়?
(ক) ২ ভাগে (খ) ৩ ভাগে
(গ) ৪ ভাগে (ঘ) ৫ ভাগে

২৩. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতে কোন নীতিতে নির্দিষ্ট কোনো আয়ুষ্কাল নেই?
(ক) চলমান নীতি (খ) রক্ষণশীলতার নীতি
(গ) ক্রয়মূল্য নীতি (ঘ) সামঞ্জস্যতা নীতি

২৪. প্রতিটি লেনদেনের ফলে সৃষ্ট হয়—
i. দুটি একমুখী ফলাফল
ii. দুটি বিপরীতমুখী ফলাফল
iii. দুটি বিপরীতমুখী ও সমান ফলাফল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. হিসাবচক্রের তৃতীয় ধাপ হলো—
(ক) সমন্বয় দাখিলা
(খ) কার্যপত্র প্রস্তুত
(গ) রেওয়ামিল প্রস্তুতকরণ
(ঘ) জাবেদাভুক্তকরণ

২৬. হিসাব সমীকরণ অনুযায়ী মালিকানা স্বত্বের উপাদান কয়টি?
(ক) ৪টি (খ) ৫টি
(গ) ৬টি (ঘ) ৭টি

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. হাবিব নগদ ২০,০০০ টাকা, ১০,০০০ টাকার পণ্য, ৫,০০০ টাকার আসবাবপত্র ও ১০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করল।

২৭. মি. হাবিবের মূলধনের পরিমাণ কত?
(ক) ২০,০০০ টাকা (খ) ৩০,০০০ টাকা
(গ) ৩৫,০০০ টাকা (ঘ) ৪৫,০০০ টাকা

২৮. সুমন ১০,০০০ টাকার বেতন পরিশোধ করে জাবেদায় লিখল—
বেতন হিসাব — ডেবিট ২০,০০০ টাকা
নগদান হিসাব — ক্রেডিট ২০,০০০ টাকা
এটি কোন ধরনের ভুল?
(ক) খতিয়ানের উদ্বৃত্ত রেওয়ামিলে স্থানান্তরের ভুল
(খ) খতিয়ান উদ্বৃত্ত নির্ণয়ে ভুল
(গ) লেখার ভুল
(ঘ) টাকার অংকে ভুল

২৯. হিসাববিজ্ঞানের অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে—
(ক) আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা নির্ণয়
(খ) প্রতারণা ও জালিয়াতিরোধ
(গ) ব্যয় নিয়ন্ত্রণ
(ঘ) সিদ্ধান্ত গ্রহণ

৩০. মি. শ্যামল ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় থেকে ১০,০০০ টাকা উত্তোলন করেন। লেনদেনটির টাকার অঙ্ক-দুঘরা নগদান বহির কোথায় বসবে?
(ক) ডেবিট পার্শ্বে নগদের ঘরে
(খ) ক্রেডিট পার্শ্বে নগদের ঘরে
(গ) ক্রেডিট পার্শ্বে ব্যাংকের ঘরে
(ঘ) ডেবিট পার্শ্বে নগদের ঘরে ও ক্রেডিট পার্শ্বে ব্যাংকের ঘরে

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | * | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | * | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

* ১০. **সঠিক উত্তর:** মালিক ও ব্যবস্থাপক।
* ১৩. **সঠিক উত্তর:** ২০১৮ সংস্করণ অনুযায়ী সাধারণ জাবেদা (প্রকৃত জাবেদা) পাঁচ প্রকার। তবে ২০১৭ সংস্করণ অনুযায়ী চার প্রকার।